

দৈনিক জংবাদ

কৃষি বিশ্ববিদ্যালয়ে সেমিনার ও কর্মশালা অনুষ্ঠিত

রাষ্ট্রপতি এ. কিউ. এম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, আজকের প্রতি যোগিতামূলক বিধে আধুনিক জাতি হিসেবে নিজেদের সম্মানজনক অবস্থানে উত্তীর্ণ করার স্বার্থেই বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার মানোন্নয়ন নিশ্চিত করতে হবে। অধ্যাপক চৌধুরী শনিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে দু'দিনব্যাপী বার্ষিক গবেষণা অগ্রগতি (২০০০-২০০১) কর্মশালা ও 'বাংলাদেশের দারিদ্র্য-বিমোচনে কৃষি গবেষণা' শীর্ষক সেমিনারের উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

রাষ্ট্রপতি ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর বলেন, উপযুক্ত সকলের জন্য বিশ্ববিদ্যালয়ের দ্বার উন্মুক্ত রাখতে হবে। বিশেষ করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে দেশের কৃষক সম্প্রদায় ও কৃষি উদ্যোক্তাদের ঘনিষ্ঠ যোগাযোগ গড়ে তোলা দুরকার। প্রয়োজনে দেশের প্রধান প্রধান কৃষি পরিবেশগত অঞ্চলে বিশ্ববিদ্যালয়ের স্যাটেলাইট স্টেশন গড়ে তোলার সম্ভাব্যতা যাচাই করা যেতে পারে।

রাষ্ট্রপতি অধ্যাপক চৌধুরী আরও বলেন, ময়মনসিংহে জনগ্রহণকারী সহৃদয় শিল্পোদ্যোক্তারা যদি একত্রিত হয়ে অন্যান্য ১০ কোটি টাকার একটি কৃষি রিসার্চ ফাউন্ডেশন গড়ে তোলেন তাহলে বেসরকারি উদ্যোগে বিনিয়োগকৃত অর্ধে কৃষি গবেষণায় ঈর্ষিত সাফল্য অর্জনের পাশাপাশি সাফল্যের স্বীকৃতিস্বরূপ গবেষণাকর্মে উৎসাহ যোগাতে প্রতি বছর একজন কৃষি বিজ্ঞানীকে পুরস্কৃত করা যেতে পারে।

শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে ডাইস-চ্যান্সেলর প্রফেসর মু. মুস্তাফিজুর রহমানের সভাপতিত্বে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস) আয়োজিত দু'দিনের এ কর্মশালার উদ্বোধনী অধিবেশনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী এ. কে. এম মোশাররফ হোসেন, ময়মনসিংহ সদর আসনের সংসদ সদস্য দেলোয়ার হোসেন খান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাউরেস পরিচালক প্রফেসর ড. মো. শাহজাহান। 'বাংলাদেশে দারিদ্র্য-বিমোচনে কৃষি গবেষণা' শীর্ষক সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি অনুষদের ডিন প্রফেসর ড. লুৎফুর রহমান।

এর আগে ডাইস-চ্যান্সেলর রাষ্ট্রপতি, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী এবং স্থানীয় সংসদ সদস্যের হাতে বিশ্ববিদ্যালয়ের প্রতীক সংবলিত উপহার ক্রেস্ট তুলে দেন।

দু'দিনব্যাপী এ কর্মশালায় ১১টি কারিগরি অধিবেশনে ১শ' ৫টি বৈজ্ঞানিক নিবন্ধ উপস্থাপিত হয়। কর্মশালায় সাত শতাধিক কৃষিবিজ্ঞানী, বিশ্ববিদ্যালয় শিক্ষক ও পিএইচডি গবেষক অংশগ্রহণ করছেন।

উদ্বোধনী অধিবেশনে সংসদ সদস্যবর্গ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ডাইস-চ্যান্সেলর, শিক্ষক, রাজনীতিবিদ, সম্পাদক ও সাংবাদিক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।